# সমবায় পত্রিকায় প্রকাশের জন্য সমবায় সমিতির তথ্য
## ‘ ছায়া সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ’
## ঝিনাইদহ সদর, ঝিনাইদহ

ভূমিকাঃ ঝিনাইদহ জেলার ঝিনাইদহ সদর উপজেলার ‘ছায়া সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ’ মাধ্যমে গড়ে উঠেছে । সমিতির সদস্যদের উদ্যোগ এবং উদ্যোগী সমবায়ীদের সমবায়ের মাধ্যমে উদ্যোক্তা সৃষ্টি ও আয়বর্ধক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে দারিদ্র বিমোচনে সমবায় বিষয়ক উদ্বুদ্ধকরণ, আর্থিক ও সামাজিক ক্ষমতায়ন, সমবায়ীদের মৎস্যচাষ, সবজি চাষ ও মুরগির তৈরি বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ ও প্রদানের মাধ্যমে মানব সম্পদ উন্নয়নসহ পুরুষের পাশাপাশি নারী উদ্যোক্তা সৃষ্টিতে নিরলস প্রচেষ্টার জন্য এ সমিতিকে উপজেলার সফল সমবায় সমিতি হিসেবে পরিচিতি এনে দিয়েছে।

সমিতি গঠনের প্রেক্ষাপট/ইতিহাস : এলাকার কিছু বেকার যুবকদের নিয়ে সমিতিটি গঠিত হয়। তারা স্থানীয় কৃষক, বেকার যুবকদের কর্মসংস্থান সৃষ্টি, উদ্যোক্তা সৃষ্টি, আয়-বর্ধক কর্মসংস্থান সৃজন, দারিদ্র বিমোচনসহ সর্বোপরী আর্থ-সামাজিক উন্নয়নের জন্যই সমবায়ের প্রয়োজনীয়তা অনুভব করেন। এরই ধারাবাহিকতায় সমিতিটি জেলা সমবায় কার্যালয়, ঝিনাইদহ হতে নিবন্ধন লাভ করে। যার নিবন্ধন নং ৬৫/ঝি, তারিখ: ১৩/১২/২০১৮খ্রি. ঠিকানা : গ্রাম : ভুটিয়ারগাতী, ডাকঘর : ঝিনাইদহ, উপজেলা : ঝিনাইদহ সদর , জেলা : ঝিনাইদহ। সমিতির কর্মএলাকা ঝিনাইদহ পৌরসভা, পোড়াহাটী, কালীচরণপুর ও সুরাট ইউনিয়ন এর মধ্যে সীমাবদ্ধ । সমিতির পরিশোধিত শেয়ার মূলধন ৪০০০০/- (চল্লিশ হাজার) , সঞ্চয় আমানত : ৮৩৬৯৮১/- (আট লক্ষ ছত্রিশ হাজার নয়শত একাশি) এবং সমিতির বর্তমান কার্যকরী মূলধন : ১২৬১৯৩৮/- ( বার লক্ষ একষট্টি হাজার নয়শত আটত্রিশ)। সমিতিটি একটি উদীয়মান সমিতি হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছে।

সমিতি গঠনের লক্ষ্য ও উদ্দেশ্যঃ

নিবন্ধিত উপ-বিধিতে বর্ণিত প্রধান প্রধান লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ হচ্ছেঃ

- সমিতির সদস্যদের নিকট শেয়ার ও সঞ্চয় আমানত গ্রহণ করাঃ মূলধন গঠনের মাধ্যমে সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন সাধনসহ ক্ষুদ্র ব্যবসায়ে বিনিয়োগ, শিক্ষা সাংস্কৃতি এবং বিভিন্ন উন্নয়ন মূলক কাজে নিজেদের সম্পকৃক্ত করে সমিতির সদস্যদের স্বনির্ভর করা।

- সভ্য নির্বাচনী এলাকার মধ্যে সকল সমবায়ীমনাদের সমবায়ের মাধ্যমে একত্রিত করে তাদের আর্থ-সামাজিক উন্নয়নে ক্ষুদ্র ঋণ/বিভিন্ন কার্যক্রম/প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা।
- সদস্যগণকে মৎস্য সংরক্ষণ আইন, বন্যপ্রানি সংরক্ষণ আইন, পরিবেশ আইন, বন সংরক্ষণ আইন মানিয়া চলা ও সংরক্ষণ করা ।
- বিভিন্ন সামাজিক আন্দোলনে যোগদান যেমনঃ বাল্য বিবাহ প্রথা রোধ, যৌতুক প্রথা বিরোধ রোধ, স্যানিটেশন কর্মসূচীতে অংশগ্রহণসহ বিভন্ন সামাজিক কর্সূচিতে অংশগ্রহণ করা।

সমিতির উল্লেখযোগ্য কার্যক্রম :

শুরুর দিকে এ সমিতি সামান্যতম পুঁজি দিয়ে সীমিত পরিসরে কার্যক্রম শুরু করে। পরবর্তীতে পোল্ট্রি খামার ও মাছ ছাষের মাধ্যমে বর্তমানে সকল কার্যক্রম চলমান আছে।

এ সমিতিতে বিভিন্ন উল্লেখযোগ্য কার্যক্রম/কর্মসূচি রয়েছে। যথাঃ

ক) সঞ্চয় জমা কর্মসূচি।
খ) পোল্ট্রি খামার কর্মসূচি।
গ) মাছ চাষ কর্মসূচি।
ঘ) বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচি।

সমিতির প্রাতিষ্ঠানীকরণে গৃহীত পদক্ষেপঃ

সমিতির প্রাতিষ্ঠানীকরণের লক্ষ্যে যথাযথভাবে সমিতির রেকর্ডপত্র সংরক্ষণ। প্রতিনিয়ত অডিট ফি ও সিডিএফ পরিশোধ করা। সমিতিতে সাইনবোর্ড স্থাপন এবং সীলমোহর সংরক্ষিত আছে। সমিতির নামীয় ব্যাংক একাউন্ট আছে। সমিতির ধারাবাহিকতা ও টেকসই নিশ্চিতকরণে সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধন ২০২০) এর সংশ্লিষ্ট ধারা ও বিধি প্রতিপালনের ফলে সমিতির কর্মকান্ডে স্বচ্ছতাসহ কর্মচঞ্চলতা এসেছে।

<u>সমিতির ভবিষ্যৎ পরিকল্পনাঃ</u>

সমিতির সাফল্যের জন্য বিভিন্ন কর্মকান্ড ও সদস্যদের কর্মসৃজন বিশেষ ভূমিকা রেখেছে।
সমিতির ভবিষ্যৎ পরিকল্পনা হচ্ছেঃ

ক) সমিতির কার্যক্রম সমগ্র উপজেলায় বিস্তৃতিকরণ।
খ) সমবায় ভিত্তিতে বাজার ও বিপননের ব্যবস্থা করা এবং এলক্ষ্যে সমবায় বাজার প্রতিষ্ঠা করা।
গ) সমিতির প্রতি সদস্যকে উদ্যোক্তা হিসেবে সৃজন করা।
ঘ) সমিতির নিজস্ব অফিসঘর স্থাপন।

সর্বোপরি পুরুষের পাশাপাশি নারীকে স্ব-কর্মসংস্থানে অর্ন্তভুক্তকরণ এবং জাতীয় অর্থনীতিতে অবদানসহ ক্ষুধামুক্ত, দারিদ্রমুক্ত, শান্তিপূর্ণ ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনে অবদান রাখা।

<u>পরিশেষঃ</u>

সমিতিটি তাঁর সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন ও স্ব-কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে নারীর ক্ষমতায়নে বলিষ্ঠ ভূমিকা পালন করে আসছে। যথাযথ সরকারী পৃষ্ঠপোষকতা পেলে সমিতির কর্মকান্ড আরও গতিশীল ও বেগবান হবে এবং সদস্য ছাড়া এলাকার পুরুষের পাশাপাশি নারীদের কর্মসংস্থান সৃষ্টি হবে এবং তাদের জীবনমানেরও উন্নয়ন সাধিত হবে। এর ফলে আলোচ্য সমিতি একদিন সাফল্যের সর্বোচ্চ শিখরে পৌঁছাবে।




মোঃ নবীরুল ইসলাম, যুগ্ম নিবন্ধক (বর্তমানে অতিরিক্ত নিবন্ধক), ঢাকা মহোদয় কর্তৃক ছায়া সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ এর অফিস ও খামার পরিদর্শন।





ছায়া সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ' এর মৎস্য খামারের  ছবি





' ছায়া সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ' এর পোল্ট্রি ও কৃষি খামারের  ছবি




‘ ছায়া সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ’ এর ঋণ গ্রহণ করে মোঃ রবিউল ইসলাম সফল ফল ব্যবসায়ী

# কালীগঞ্জ পৌর মহিলা সমবায় সমিতি লিঃ

০১। সমিতির নামঃ কালীগঞ্জ পৌর মহিলা সমবায় সমিতি লিঃ

০২। সমিতির ঠিকানাঃ গ্রামঃ নিশ্চিন্তপুর ,ডাকঘরঃ নলডাঙ্গা, উপজেলাঃ কালীগঞ্জ, জেলাঃ ঝিনাইদহ

০৩। নিবন্ধন নং ও তারিখঃ ২৬/ঝি, তারিখঃ ২৭/১১/২০১৭ খ্রি,।

০৪। সমিতির কর্ম এলাকাঃ সমগ্র কালীগঞ্জ উপজেলা ব্যাপী।

০৫। সমিতির নির্বাচনী এলাকাঃ সমগ্র কালীগঞ্জ উপজেলা ব্যাপী

০৬। সমিতির বর্তমান সদস্য সংখ্যাঃ ৩৭১ জন। প্রত্যেক সদস্য মহিলা।

০৭। সমিতির বর্তমান ব্যবস্থাপনা কমিটির নাম,পদবী ও নির্বাচনের তারিখঃ

| ক্রমিক নং | সদস্যদের নাম | পদবী | নির্বাচনের তারিখ |
|---|---|---|---|
| ০১ | জনাব মিনা ভট্টাচার্য্য | সভাপতি | ৩১.০৫.২০২৩ খ্রি, |
| ০২ | জনাব মোছাঃ শিরিন সুলতানা | সহ-সভাপতি | ৩১.০৫.২০২৩ খ্রি, |
| ০৩ | জনাব টুম্পা রানী চৌধুরী | সম্পাদক | ৩১.০৫.২০২৩ খ্রি, |
| ০৪ | জনাব অশ্রু বিশ্বাস | সদস্য | ৩১.০৫.২০২৩ খ্রি, |
| ০৫ | জনাব প্রতিমা দেবনাথ | সদস্য | ৩১.০৫.২০২৩ খ্রি, |
| ০৬ | জনাব তৃপ্তি রানী বিশ্বাস | সদস্য | ৩১.০৫.২০২৩ খ্রি, |

০৮। সমিতির বর্তমান শেয়ার মূলধনঃ ১৬০৯৬৩০/- টাকা।
০৯। সমিতির বর্তমান সঞ্চয় আমানতঃ ২৩৪৪৬/- টাকা।

কালীগঞ্জ পৌর মহিলা সমবায় সমিতি লিঃ এর মাধ্যমে সাধারণ মানুষের উপকার ভোগীর সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যসহ সকলে অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছে সমিতির উন্নয়নের স্বার্থে। সমিতির সদস্যসের উন্নয়ন ছাড়াও তারা সামাজিক বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম করে থাকে। যেমনঃ কোন ধর্মীয় প্রতিষ্ঠান বা ধর্মীয় উৎসবে তারা আর্থিক সহায়তা প্রদান, খেলাধুলায় অর্থিক সহায়তা প্রদান, দুস্থদের অর্থিক সহায়তা প্রদান করা ইত্যাদি।সমিতির বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম এর সন্তোষ্ট প্রকাশ করে। বর্তমান সরকারের অঙ্গীকার টেকসই উন্নয়ন, উক্ত সমিতিটি তা করতে সক্ষম হয়েছে। পর্যায়ক্রমে খাতওয়ারী প্রতিষ্ঠানের চলমান কার্যক্রমের কিছু ছবি নিম্নোক্ত দেওয়া হলোঃ



খ্রি-পিচে সমিতির সদস্যদের তৈরি সুই-সুতার প্রশিক্ষণের কাজ



সমিতির সদস্যগণ নকশী কাঁথা তৈরি করছেন।



সমিতির উৎপাদিত পণ্য সামগ্রী বিক্রয় কেন্দ্র




থ্রি-পিচে সমিতির সদস্যদের তৈরি সুই-সুতার কাজ

# সমবায় পত্রিকায় প্রকাশের জন্য সফল সমবায় সমিতির তথ্য

## ‘প্রত্যাশা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ’

## কোটচাঁদপুর, ঝিনাইদহ।

ভূমিকাঃ ঝিনাইদহ জেলার কোটচাঁদপুর উপজেলার ‘প্রত্যাশা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি:’ স্থানীয় বিভিন্ন পেশাজীবী সদস্য বা ব্যক্তির মাধ্যমে গড়ে উঠেছে । সমিতির সদস্যদের উদ্যোগ এবং উদ্যোগী সমবায়ীদের সমবায়ের মাধ্যমে উদ্যোক্তা সৃষ্টি ও আয়বর্ধক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে দারিদ্র বিমোচনে সমবায় বিষয়ক উদ্বুদ্ধকরণ, আর্থিক ও সামাজিক ক্ষমতায়ন, সমবায়ীদের গণসচেতনা মূলক প্রচার ও সবজি চাষ বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ ও প্রদানের মাধ্যমে মানব সম্পদ উন্নয়নসহ পুরুষের পাশাপাশি নারী উদ্যোক্তা সৃষ্টিতে নিরলস প্রচেষ্টার জন্য এ সমিতিকে উপজেলার সফল সমবায় সমিতি হিসেবে পরিচিতি এনে দিয়েছে।

সমিতি গঠনের প্রেক্ষাপট/ইতিহাস : এলাকার কিছু বিভিন্ন পেশাজীবী সদস্য বা ব্যক্তির নিয়ে সমিতিটি গঠিত হয়। তারা স্থানীয় কৃষক, ক্ষুদ্র ব্যবসায়ী, মহিলা ও বেকার যুবকদের কর্মসংস্থান সৃষ্টি,উদ্যোক্তা সৃষ্টি, আয়-বর্ধক কর্মসংস্থান সৃজন, দারিদ্র বিমোচনসহ সর্বোপুরী আর্থ-সামাজিক উন্নয়নের জন্যই সমবায়ের প্রয়োজনীয়তা অনুভব করেন। এরই ধারাবাহিকতায় সমিতিটি জেলা সমবায় কার্যালয়, ঝিনাইদহ হতে নিবন্ধন লাভ করে। যার নিবন্ধন নং ৪৩/ঝি, তারিখ: ২২/০৪/২০১৮ খ্রি. ঠিকানা : গ্রাম : কোটচাঁদপুর গাবতলাপাড়া , ডাকঘর : কোটচাঁদপুর, উপজেলা : কোটচাঁদপুর , জেলা : ঝিনাইদহ। সমিতির কর্মএলাকা সমগ্র কোটচাঁদপুর উপজেলার এর মধ্যে সীমাবদ্ধ । সমিতির পরিশোধিত শেয়ার মূলধন ৩৮৫০০০/- (তিন লক্ষ পচাঁশি হাজার) , সঞ্চয় আমানত : ২৯৯৫৮০/- (উনত্রিশ লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত আশি টাকা) এবং সমিতির বর্তমান কার্যকরী মূলধন : ১৩২৭৩৬১০/- (এক কোটি বত্রিশ লক্ষ তিহাত্তর হাজার ছয়শত দশ) টাকা। সমিতিটি একটি উদীয়মান সমিতি হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছে।

সমিতি গঠনের লক্ষ্য ও উদ্দেশ্যঃ

নিবন্ধিত উপ-বিধিতে বর্ণিত প্রধান প্রধান লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ হচ্ছেঃ

- সমিতির সদস্যদের নিকট শেয়ার ও সঞ্চয় আমানত গ্রহণ করাঃ মূলধন গঠনের মাধ্যমে সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন সাধনসহ ক্ষুদ্র ব্যবসায়ে বিনিয়োগ, শিক্ষা সাংস্কৃতি এবং বিভিন্ন উন্নয়ন মূলক কাজে নিজেদের সম্পকৃক্ত করে সমিতির সদস্যদের স্বনির্ভর করা।
- সভ্য নির্বাচনী এলাকার মধ্যে সকল সমবায়ীমনাদের সমবায়ের মাধ্যমে একত্রিত করে তাদের আর্থ-সামাজিক উন্নয়নে ক্ষুদ্র ঋণ/বিভিন্ন কার্যক্রম/প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা।
- সদস্যগণকে মৎস্য সংরক্ষণ আইন, বন্যপ্রানি সংরক্ষণ আইন, পরিবেশ আইন, বন সংরক্ষণ আইন মানিয়া চলা ও সংরক্ষণ করা ।
- বিভিন্ন সামাজিক আন্দোলনে যোগদান যেমনঃ বাল্য বিবাহ প্রথা রোধ, যৌতুক প্রথা বিরোধ রোধ, স্যানিটেশন কর্মসূচীতে অংশগ্রহণসহ বিভন্ন সামাজিক কর্সূচিতে অংশগ্রহণ করা।

সমিতির উল্লেখযোগ্য কার্যক্রম :

শুরুর দিকে এ সমিতি সামান্যতম পুঁজি দিয়ে সীমিত পরিসরে ক্ষুদ্র ঋণ কার্যক্রম শুরু করে। পরবর্তীতে ক্ষুদ্র ঋণসহ বিভিন্ন সেবা মুলক কার্যক্রম চলমান আছে।

এ সমিতিতে বিভিন্ন উল্লেখযোগ্য কার্যক্রম/কর্মসূচি রয়েছে। যথাঃ

ক) সঞ্চয় জমা কর্মসূচি।

খ) শেয়ার সংখ্যা বৃদ্ধি কর্মসূচি।

গ) সবজি চাষ কর্মসূচি।

ঘ) বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ/সেবা মুলক কার্যক্রম ।

ঙ) ক্ষুদ্র ঋণ কার্যক্রম কর্মসূচী।

সমিতির প্রাতিষ্ঠানীকরণে গৃহীত পদক্ষেপঃ

সমিতির প্রাতিষ্ঠানীকরণের লক্ষ্যে যথাযথভাবে সমিতির রেকর্ডপত্র সংরক্ষণ। প্রতিনিয়ত অডিট সমপন্ন করন, অডিট ফি ও সিডিএফ পরিশোধ করা। সমিতিতে সাইনবোর্ড স্থাপন ও সীলমোহর সংরক্ষিত আছে এবং সমিতির নিজস্ব অফিস ঘর আছে। সমিতির নামীয় ব্যাংক একাউন্ট আছে। সমিতির ধারাবাহিকতা ও টেকসই নিশ্চিতকরণে সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩)

এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধন ২০২০) এর সংশ্লিষ্ট ধারা ও বিধি প্রতিপালনের ফলে সমিতির কর্মকান্ডে স্বচ্ছতাসহ কর্মচঞ্চলতা এসেছে।

<u>সমিতির ভবিষ্যৎ পরিকল্পনাঃ</u>

সমিতির সাফল্যের জন্য বিভিন্ন কর্মকান্ড ও সদস্যদের কর্মসৃজন বিশেষ ভূমিকা রেখেছে।

সমিতির ভবিষ্যৎ পরিকল্পনা হচ্ছেঃ

ক) সমিতির কার্যক্রম সমগ্র উপজেলায় বিস্তৃতিকরণ।

খ) সমবায় ভিত্তিতে বাজার ও বিপননের ব্যবস্থা করা এবং এলক্ষ্যে সমবায় বাজার প্রতিষ্ঠা করা।

গ) সমিতির প্রতি সদস্যকে উদ্যোক্তা হিসেবে সৃজন করা।

সর্বোপুরী পুরুষের পাশাপাশি নারীকে স্ব-কর্মসংস্থানে অর্ন্তভুক্তকরণ এবং জাতীয় অর্থনীতিতে অবদানসহ ক্ষুধামুক্ত, দারিদ্রমুক্ত, শান্তিপূর্ণ ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনে অবদান রাখা।

<u>পরিশেষঃ</u>


সমিতিটি তাঁর সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন ও স্ব-কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে নারীর ক্ষমতায়নে বলিষ্ঠ ভূমিকা পালন করে আসছে। যথাযথ সরকারী পৃষ্ঠপোষকতা পেলে সমিতির কর্মকান্ড আরও গতিশীল ও বেগবান হবে এবং সদস্য ছাড়া এলাকার পুরুষের পাশাপাশি নারীদের কর্মসংস্থান সৃষ্টি হবে এবং তাদের জীবনমানেরও উন্নয়ন সাধিত হবে। এর ফলে আলোচ্য সমিতি একদিন সাফল্যের সর্বোচ্চ শিখরে পৌঁছাবে।



মোঃ মজিবর রহমান, উপজেলা সমবায় অফিসার,কোটচাঁদপুর,ঝিনাইদহ কর্তৃক প্রত্যাশা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ পরিদর্শন এর স্থির চিত্র।



মোঃ শামীমূল ইসলাম,পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়,ঝিনাইদহ কর্তৃক প্রত্যাশা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ এর ২০২৩-২০২৪ সনের অডিট কার্যাক্রম এর স্থির চিত্র।






প্রত্যাশা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ  এর  বার্ষিক সাধারণ সভার স্থির চিত্র।



প্রত্যাশা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ  এর  সভাপতি কর্তৃক সদস্যদের মধ্যে ঋণ বিতরণ এর স্থির চিত্র।



প্রত্যাশা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ কর্তৃক সমিতির সদস্য ও এলাকার দুস্থদের মধ্যে ঈদ পণ্য সামগ্রী বিতরণের স্থির চিত্র।

স্বাক্ষরিত/-
(মোঃ মজিবর রহমান)
উপজেলা সমবায় অফিসার
কোটচাঁদপুর,ঝিনাইদহ।

# সফল সমবায় সমিতির তথ্য
## ‘ বাঘাডাঙ্গা মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ’
## মহেশপুর,ঝিনাইদহ

**ভূমিকাঃ** ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার প্রত্যন্ত গ্রামে গড়ে ওঠা **‘ বাঘাডাঙ্গা মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ’ একটি সফল সমবায় সমিতি ।** সমিতির সদস্যদের উদ্যোগ এবং উদ্যোগী সমবায়ীদের সমবায়ের মাধ্যমে উদ্যোক্তা সৃষ্টি ও আয়বর্ধক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে দারিদ্র বিমোচনে সমবায় বিষয়ক উদ্বুদ্ধকরণ, আর্থিক ও সামাজিক ক্ষমতায়ন, সমবায়ীদের মৎস্যচাষ বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ ও প্রদানের মাধ্যমে মানব সম্পদ উন্নয়নসহ উদ্যোক্তা সৃষ্টিতে নিরলস প্রচেষ্টার জন্য এ সমিতিকে উপজেলার সফল সমবায় সমিতি হিসেবে পরিচিতি এনে দিয়েছে।

**সমিতির নিবন্ধন ও ঠিকানাঃ** সমিতিটি জেলা সমবায় কার্যালয় ,ঝিনাইদহ হতে নিবন্ধন লাভ করে। যার নিবন্ধন নং ৮৬/ঝি ,তারিখ : ১৯/০৮/১৯৯৫খ্রি.( সংশোধিত নিবন্ধন নং ২১/ঝি, তারিখ: ২০/০৬/২০২৩খ্রি.) ঠিকানা : গ্রাম : বাঘাডাঙ্গা ,ডাকঘর : নেপা , উপজেলা : মহেশপুর , জেলা : ঝিনাইদহ। সমিতির সভ্য নির্বাচনী এলাকা বাঘাডাঙ্গা গ্রাম এবং কর্ম এলাকা নেপা ইউনিয়নের মধ্যে সীমাবদ্ধ ।

**সমিতির আর্থিক অবস্থার বিবরণঃ** সমিতির পরিশোধিত শেয়ার মূলধনঃ ৩৫,১৮০/- , সঞ্চিতি তহবিলের পরিমানঃ ২,২২,৮৯৮/-,সঞ্চয় আমানতঃ ৩,৬১,৭০৬/- এবং সমিতির বর্তমান কার্যকরী মূলধনঃ ৬,১৯,৭৮৪/- । সমিতিটি সদস্যদের মাঝে বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক লভ্যাংশ বিতরণ করে থাকে। সমিতিটি একটি সফল সমবায় সমিতি হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছে।

**সরকারি কোষাগারে অর্থ জমাঃ** সমিতিটি সঠিক ব্যবস্থাপনার কারণে নিয়মিতভাবে লাভ অর্জন করছে। এর ফলে সদস্যগন লাভবান হচ্ছে এবং প্রতিবছর সমিতিটি সরকারি কোষাগারে অর্থ জমা প্রদান করছে। বিগত ০৩(তিন) বছর সরকারি কোষাগারে অর্থ জমা প্রদানের তথ্যঃ

| অর্থ বছর | অডিট ফি জমার পরিমান | সিডিএফ জমার পরিমান |
|---|---:|---:|
| ২০২০-২০২১ | ৫,৯৪০/- | ১,৭৮০/- |
| ২০২১-২০২২ | ১০,০০০/- | ৪,৮৫০/- |
| ২০২২-২০২৩ | ১০,০০০/- | ৫,১৭৩/- |

**কর্মসংস্থানে অবদানঃ** সমিতির মৎস্যচাষ প্রকল্পে সার্বক্ষণিক ০৪(চার) জনের কর্মসংস্থান হয়েছে। এছাড়া সমিতির ২৬(ছাব্বিশ ) জন সদস্য প্রত্যক্ষভাবে মৎস্যচাষের সাথে সাথে জড়িত। সমিতির মৎস্যচাষ প্রকল্পে মাছ ধরার জন্য স্থানীয় আরও ৩০(ত্রিশ) জনের পরোক্ষ কর্মসংস্থান সৃষ্টি হয়েছে।

**সমিতি গঠনের লক্ষ্য ও উদ্দেশ্যঃ**

নিবন্ধিত উপ-বিধিতে বর্ণিত প্রধান প্রধান লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ হচ্ছেঃ

- এলাকার জনগোষ্ঠিকে সমবায় সমিতিতে সদস্যভুক্ত করে সমবায়ের মাধ্যমে মিতব্যয়িতা ও সঞ্চয়ের অভ্যাস গড়ে তোলা এবং সমিতিতে নিয়মিত সঞ্চয় জমা রাখা ও সমিতির শেয়ার ক্রয়ের দ্বারা যৌথ মূলধন গঠনে উৎসাহিত করা।
- গঠিত এ মুলধন অন্যান্য কৃষিকাজের পাশাপাশি মৎস্যচাষে বিনিয়োগকরণ এবং বিনিয়োগ থেকে প্রাপ্ত মুনাফার মাধ্যমে সমিতির পুঁজি বৃদ্ধিসহ সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন নিশ্চিতকরণ।
- দারিদ্র বিমোচন স্ব-কর্মসংস্থানমূলক উদ্যোগসমূহ বাস্তবায়নে সমিতির নিজস্ব মূলধন হতে সহজ শর্তে সদস্যকে ঋণ সহায়তা প্রদান করা।
- সদস্যদের প্রশিক্ষণের ব্যবস্থা করা।
- সমবায়ের ভিত্তিতে মৎস্য উৎপাদন ও বিপননের ব্যবস্থা করা ।

**সমিতির উল্লেখযোগ্য কার্যক্রম :**

শুরুর দিকে এ সমিতি সামান্যতম পুঁজি দিয়ে সীমিত পরিসরে এলাকার ছোটখাটো পুকুর লিজ নিয়ে মাছ চাষ, ক্রয় ও বিক্রয়ের মাধ্যমে উৎপাদনমুখী কার্যক্রম শুরু করে। পরবর্তীতে সরকারী জলমহাল ইজারা নিয়ে মৎস্যচাষ করে সমিতি মুনাফা অর্জন করে কাঙ্খিত লক্ষ্যে এগিয়ে যাচ্ছে। এছাড়া বিভিন্ন সামাজিক কর্মকান্ডে তাদের অংশগ্রহণ লক্ষ্যনীয়।

এ সমিতিতে বিভিন্ন উল্লেখযোগ্য কার্যক্রম/কর্মসূচি রয়েছে। যথাঃ

ক) সঞ্চয় জমা কর্মসূচি।

খ) মৎস্য উৎপাদন ও বিক্রয় কর্মসূচি।

গ) বিভিন্ন প্রকার মৎস্যচাষ সংক্রান্ত প্রশিক্ষণ কর্মসূচি।

**<u>সমিতির প্রাতিষ্ঠানীকরণে গৃহীত পদক্ষেপঃ</u>**

সমিতির প্রাতিষ্ঠানীকরণের লক্ষ্যে যথাযথভাবে সমিতির রেকর্ডপত্র সংরক্ষণ। প্রতিনিয়ত অডিট ফি ও সিডিএফ পরিশোধ করা। সমিতিতে সাইনবোর্ড স্থাপন এবং সীলমোহর সংরক্ষিত আছে। সমিতির নামীয় ব্যাংক একাউন্ট আছে। সমিতির ধারাবাহিকতা ও টেকসই নিশ্চিতকরণে সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধন ২০২০) এর সংশ্লিষ্ট ধারা ও বিধি প্রতিপালনের ফলে সমিতির কর্মকান্ডে স্বচ্ছতাসহ কর্মচঞ্চলতা এসেছে।

**<u>সমিতির ভবিষ্যৎ পরিকল্পনাঃ</u>**

সমিতির সাফল্যের জন্য এ সমিতির উৎপাদনমুখী কর্মকান্ড ও সদস্যদের কর্মসৃজন বিশেষ ভূমিকা রেখেছে।

সমিতির ভবিষ্যৎ পরিকল্পনা হচ্ছেঃ

ক) সমিতির কার্যক্রম  সমগ্র উপজেলায় বিস্তৃতিকরণ।

খ) সমবায় ভিত্তিতে মৎস্য উৎপাদন ও বিপননের ব্যবস্থা করা অব্যাহত রাখা।

গ) সমিতির প্রতি সদস্যকে উদ্যোক্তা হিসেবে সৃজন করা।

ঘ) মাছের ফিড তৈরির কারখানা স্থাপন করা।

সর্বোপরি সদস্যদের পাশাপাশি এলাকার যুবককের স্ব-কর্মসংস্থানে অর্ন্তভুক্তকরণ এবং জাতীয় অর্থনীতিতে অবদানসহ ক্ষুধামুক্ত, দারিদ্রমুক্ত, শান্তিপূর্ণ ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনে অবদান রাখা।

**<u>পরিশেষঃ</u>** সমিতিটি তাঁর সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন ও স্ব-কর্মসংস্থান সৃষ্টিতে ভূমিকা পালন করে আসছে। যথাযথ সরকারী পৃষ্ঠপোষকতা পেলে সমিতির উৎপাদনমুখী কর্মকান্ড আরও গতিশীল ও বেগবান হবে ।এর ফলে আলোচ্য সমিতি একদিন সাফল্যের সর্বোচ্চ শিখরে পৌঁছাবে।




**উপজেলা সমবায় অফিসার, মহেশপুর,ঝিনাইদহ এর সাথে বাঘাডাঙ্গা মৎস্যজীবী সমবায় সমিতির সদস্যগন**



**বাঘাডাঙ্গা মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর অডিট কার্যক্রমের স্থির চিত্র**

## হিড সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি লিঃ এর ক্রমবর্ধমান সফলতার বিবরণ:
## রেজি নং: ১৮/ঝি, তারিখ: ২০/০৫/২০১৯খ্রি.
## ঠিকানা: গ্রাম: চাঁদপুর, পো: কন্যাদহ, উপজেলা: হরিণাকুণ্ডু, জেলা: ঝিনাইদহ।

ঐতিহ্যবাহী ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু উপজেলায় চাঁদপুর নামক গ্রামের কয়েক জন স্বল্প শিক্ষিত বেকার যুবক একত্রিত হয়ে নিজেদের আর্থ- সামাজিক উন্নয়নের লক্ষ্যে হিড সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতিটি গঠন করে এবং জেলা সমবায় কার্যালয়, ঝিনাইদহ হতে সমিতিটি বিগত ২০/০৫/২০১৯ খ্রি. তারিখ নিবন্ধন প্রাপ্ত হয়। নিবন্ধনের সময়ে এই সমিতিটি নিয়ে সদস্যদের মধ্যে বিস্তর আকাঙ্খা ও বৃহৎ পরিকল্পনা ছিল না। ধীরে ধীরে সদস্যরা তাদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় সমিতিতে গচ্ছিত রাখতে শুরু করে। এভাবে কিছু দিন পর দেখা যায় যে, সমিতিতে একটি আশাব্যঞ্জক তহবিল সৃষ্টি হয়েছে। ঠিক তখনই সমিতির সদস্যদের মাঝে এই মর্মে আশার আলো তৈরী হয় যে, এই সঞ্চিত অর্থ যদি তারা কোন লাভজনক খাতে কাজে লাগিয়ে বা বিনিয়োগ করে কিছু মুনাফা অর্জন করা যায় তাহলে সমিতির সদস্যরা  আর্থিক ভাবে উপকৃত হতে পারবে। ঠিক এই সরল চিন্তা নিয়েই সদস্যরা তাদের নিজেদের প্রয়োজনে তথা নিজেদের আর্থিক সমস্যা সমাধানের জন্য সমিতি হতে স্বল্প সুদে পণ্য ঋণ গ্রহণ করতে শুরু করে। পণ্য ঋণের মধ্যে নিজেদের বসত বাড়ির উন্নয়ন, ভ্যান গাড়ি ক্রয়, যাত্রীবাহী অটো ভ্যান ক্রয়, পাওয়ার টিলার ক্রয়, ট্রাক্টর ক্রয়, গবাদি পশু ক্রয়, মুদি দোকান ও কৃষির বহুমূখী চাহিদা পূরনের জন্য ক্রয় ইত্যাদি। এভাবে একদিকে সমিতি হতে ঋণ গ্রহণের মাধ্যমে  স্বল্প শিক্ষিত লোকগুলো তাদের পরিবারের অত্যাবশকীয় সমস্যাগুলো  সমাধান করে, অন্যদিকে তাদেরই প্রদেয় সুদের ক্ষুদ্র অংশ সমিতিতে জমা হয়ে একটি বৃহৎ মূলধন গড়ে ওঠে।

এভাবেই যখন  সমিতির অবস্থা পরিবর্তন হতে  শুরু করে, তখন সদস্যরা  তাদের কর্মকান্ডের ব্যাপ্তি বা পরিধিও বৃদ্ধি করতে থাকে।

এ পর্যায়ে সমিতির উদ্দেশ্য গুলো নিম্নরুপ:

(১) সঞ্চয়ের প্রতি উদ্বুদ্ধ করা এবং সঞ্চয়ের মাধ্যমে আর্থিক সমৃদ্ধি করা।
(২) দারিদ্র বিমোচনে স্ব-কর্মসংস্থানমূলক উদ্যোগ সমূহ বাস্তবায়নে সমিতির নিজস্ব মূলধন হতে সহজ শর্তে সদস্যদের ঋণ প্রদান করা।
(৩) বেকারত্ব দূরীকরনে কর্মসংস্থান সৃষ্টির জন্য বৃত্তিমূলক বিভিন্ন প্রশিক্ষণ সহায়তা প্রদান।
(৪)  সমবায়ের ভিত্তিতে উৎপাদন বৃদ্ধি ও কর্মসংস্থান সহায়ক কুটির শিল্প ও মাঝারী শিল্প স্থাপনে ভূমিকা  নেয়া।
(৫) সমবায়ের ভিত্তিতে আর্থিক ও সামাজিক নিরাপত্তা বিধানে কার্যকর  অবদান রাখা।
(৬) সামাজিক বনায়ন কর্মসূচির মাধ্যমে উদ্বুদ্ধ ও সহায়তা করা।
(৭) ভোগ্যপন্য দ্রব্যাদি সংগ্রহ ও বিতরণ করা।
(৮)  সদস্যগণের উৎপাদিত সামগ্রী বাজারজাত করনে সহায়তা প্রদান করা।

<u>সমিতির বর্তমান চিত্র:</u>

ক) সদস্য সংখ্যা: ৬৯ জন।
খ) সর্বশেষ নির্বাচনের তারিখ: ১৭/০৫/২০২৪ খ্রি.।
গ) শেয়ার আমানত: ৩১,২০০/- টাকা মাত্র।
ঘ) সঞ্চয় আমানত: ৭,৬৪,১৯৫/-টাকা মাত্র।
ঙ) বছরে নীট লাভ: ৩৯,২১২/-টাকা মাত্র।
চ) মোট কার্যকারী মূলধন: ৮,৩১,৭৮৩/-টাকা মাত্র।
ছ) সমবায় উন্নয়ন তহবিল বাবদ(৩%): ১,১৭৬/-টাকা মাত্র।
জ) বিগত তিন বছরে ঋণ বিতরণের পরিমান: ৩৫,১০,৯০০/-টাকা মাত্র।
ঝ) লভ্যাংশ বিতরণ: ২১,০০০/-টাকা মাত্র।
ঞ) নিরীক্ষা ফি প্রদান: ৩৯৩০/-টাকা মাত্র।

সমিতিটি বিভিন্ন সামাজিক কার্যক্রম পরিচালনার মাধ্যমে অত্র অঞ্চলে ইতিমধ্যেই সুপরিচিত হয়ে উঠেছে। সমাজের গরীব-অসহায় ও পিছিয়েপড়া জনগোষ্ঠির সহায়তা কল্পে সমিতিটি ইতিমধ্যে নানাবিধ কার্যক্রম বাস্তবায়ন করেছে। যার সংক্ষিপ্ত একটি চিত্র নিম্নে তুলে ধরা হলো।

(ক) শীত বস্ত্র বিবতণ:

বিগত বছরগুলোতে এদেশে শীতের তীব্রতা অতি মাত্রায় ছিলো। তাই এলাকার দরিদ্র শীতার্ত মানুষের শীত লাঘবের জন্য তাদের মাঝে কম্বলসহ বিভিন্ন শীত বস্ত্র বিতরণ করা হয় সমিতির পক্ষ থেকে। উল্লেখ করা যেতে পারে যে, শীত বস্ত্র বিতরণ কালে খুলনা বিভাগীয় যুগ্ম-নিবন্ধক মহোদয় ও জেলা সমবায় অফিসার উপস্থিত ছিলেন।

স্থির চিত্র



সমিতির পক্ষ থেকে শীত বস্ত্র বিতরণ।



জেলা সমবায় অফিসার, ঝিনাইদহ মহোদয় কর্তৃক সমিতির অফিস পরিদর্শন

(খ) বৃক্ষ রোপন কর্মসূচী:

সামাজিক বনায়নের অংশ হিসাবে সমিতিটির মাধ্যমে অত্র এলাকায় ব্যাপকভাবে বৃক্ষ রোপন কর্মসূচী বাস্তবায়ন করা হয়েছে। সমিতিটি নিজ উদ্যোগে রাস্তার পার্শ্বে, সদস্যদের বাড়িতে, বিভিন্ন প্রতিষ্ঠানের জায়গায় ব্যাপক ভাবে বৃক্ষ রোপন করছে। এছাড়া বিভিন্ন পেশার লোকজন ও স্কুলের ছাত্র-ছাত্রীদের মাঝে বিনামূল্যে বৃক্ষ চারা বিতরন করেছে।

স্থির চিত্র



বৃক্ষ রোপন কর্মসূচী

(গ) সমিতির কার্যক্রম পরিদর্শন:

উপজেলা সমবায় অফিসার জনাব মোঃ ফরহাদ হোসেন অত্র সমবায় সমিতির কার্যক্রম বিগত ০৫/০১/২০২৫ খ্রি. তারিখ পরিদর্শন করেন। পরিদর্শন কালে সমিতির সার্বিক কার্যক্রম সমবায় সমিতি আইন-বিধি মোতাবেক পরিচালিত হচ্ছে কি না তা-যাচাই করে দেখেন। এছাড়া সমিতির চলমান প্রকল্পগুলোর কার্যক্রমের বিভিন্ন দিক পর্যালোচনা করা হয়। পরিদর্শন কালে সমিতির সভাপতি জনাব মোঃ মশিউর রহমান উপস্থিত ছিলেন।




স্থির চিত্র

উপজেলা সমবায় অফিসার, হরিণাকুন্ডু, ঝিনাইদহ কর্তৃক হিড সঞ্চয় ও ঋনদান সমবায় সমিতি লিঃ পরিদর্শন।

(ঘ) বালাই নাশক উপকরণ বিতরণ:

এতদ্‌অঞ্চলে ধান ও অন্যান্য ফসলে নানা রকম কীট-পতঙ্গ আক্রমন করে এবং বিভিন্ন সংক্রামন রোগ ফসলের ব্যাপক ক্ষতি করে। কীট-পতঙ্গ দমন ও ফসলের সংক্রামন রোগ নিরাময়ের জন্য সমিতির পক্ষ থেকে সম্পূর্ণ বিনামূল্যে  দরিদ্র কৃষকদের বালাই নাশক উপকরন বিতরণ করা হয়। এর ফলে একদিক যেমন কৃষকরা উপকৃত হয় অন্যদিকে ফসলের উৎপাদনও বৃদ্ধি পায়।

স্থির চিত্র




সমিতির পক্ষ হতে বালাই নাশক উপকরণ বিতরণ।

(ঙ) সমন্বিত বীজতলা আবাদ:

সমিতির সদস্যদের সুবিধার্থে উপযুক্ত স্থানে সমিতির উদ্যোগে বীজতলা আবাদ করা হয়। এতে করে সদস্যদের খরচ, সময়, শ্রম ইত্যাদি সাশ্রয় হয়।

স্থির চিত্র




সমিতির উদ্যোগে বীজতলা আবাদ।

(চ) নার্সারী প্রকল্প:

সমিতির উদ্যোগে নার্সারী প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। উক্ত নার্সারীতে বিভিন্ন বনজ, ফলজ ও ঔষধী বৃক্ষের চারা উৎপাদন করা হয়। উক্ত নার্সারী থেকে উৎপাদিত বৃক্ষের চারা বিক্রয় করা হয় এবং সামাজিক বনায়নের উদ্দেশ্যে সমিতির উদ্যোগে বৃক্ষ রোপন ও বিভিন্ন সামাজিক ও শিক্ষা প্রতিষ্ঠানকে বিনামূল্যে গাছের চারা বিতরণ করা হয়।

স্থির চিত্র



সমিতির উদ্যোগে নার্সারী প্রকল্প।

যদিও সমিতিটির নিবন্ধনের বয়স ৫(পাঁচ) বছর মাত্র। তথাপি সদস্যদের ঐকান্তিক প্রচেষ্টায় বিভিন্ন প্রতিকূলতার মাঝেও অগ্রযাত্রার ধারা  অব্যাহত রাখার জোর প্রচেষ্টা  চলমান আছে। সমিতির সদস্যদের মাঝে ক্ষুদ্র ব্যবসায় ঋণ সহায়তা এবং বিভিন্ন প্রকল্প  গ্রহণের মাধ্যমে সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের অগ্রযাত্রায় সমিতিটি ভবিষ্যতে দৃষ্টান্ত স্থাপনে সক্ষম হবে।

## সমবায় পত্রিকায় প্রকাশের জন্য সমবায় সমিতির তথ্য

### শেখপাড়া রকি বহুমুখী সমবায় সমিতি লি:

### শৈলকুপা, ঝিনাইদহ

ভূমিকা : খুলনা কুষ্টিয়া মহাসড়কের পাসে ইসলামী বিশ্ববিদ্যালয় সংলগ্ন উপজেলা সদর হতে ১৫ কিঃমিঃ পশ্চিমে ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার শেখপাড়া এলাকার নারী পুরুষের ঐকান্তিক চেষ্টায় শেখপাড়া রকি বহুমুখী সমবায় সমিতি গঠন করা হয় । যা সমবায় বিভাগ হতে ০৫/০৫/২০০৯ খ্রি: তারিখে নিবন্ধন প্রাপ্ত হয়। যার নিবন্ধন নং-০৭/ঝি । নিবন্ধিত ঠিকানা :গ্রাম: শেখপাড়া ডাক: বসন্তপুর, উপজেলা: শৈলকুপা জেলা: ঝিনাইদহ । এ সমিতির বর্তমান কর্ম ও সভ্য নির্বাচনী এলাকা ১নং ত্রিবেনী ,২নং মির্জাপুর ৩নং দিগনগর ও ৫নং কাঁচেরকোল ইউনিয়ন ব্যাপী । এ সমিতির মূল লক্ষ্য হচ্ছে সমবায়ের মাধ্যমে সভ্যগণের মধ্যে মিতব্যয়িতা ও সঞ্চয়ের অভ্যাস গড়ে তোলা । সমিতে নিয়মিত সঞ্চয় জমা রাখা ও সমিতির শেয়ার ক্রয়ের দ্বারা যৌথ মূলধন গঠনে উৎসাহিত করা। গঠিত এ মূলধন সদস্যের মাঝে ঋণ বিতরন এবং বিতরনকৃত ঋণ থেকে মুনাফা আদায় করে চক্রাকারে উৎপাদনে বিনিয়োগকরণ মাধ্যমে সমিতির পুঁজি বৃদ্ধিসহ সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে উৎপাদনে বিনিয়োগকরন মাধ্যমে সমিতির পুঁজি বৃদ্ধিসহ সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন নিশ্চিতকরণ ।

এ সমিতির মূল কাযক্রম ও লক্ষ্য হলো এলাকার পিছিয়ে পড়া নারী ও পুরুষ জনগোষ্ঠীকে সমবায় সমিতিতে সদস্যভুক্ত তাদের আর্থ- সামাজিক অবস্থার উন্নয়নের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে উৎপাদনমুখী কাযক্রমে সম্পৃক্তকরণ এবং উৎপাদিত পণ্য সমূহ বাজারজাত করে তাঁদের আর্থ-সামাজিক উন্নয়ন নিশ্চিত করা । এছাড়াও বিভিন্ন সামাজিক সচেতনতামূলক কর্মসূচীতে অংশ গ্রহণে সুযোগ দানের মাধ্যমে সদস্যদের সচেতনা সৃষ্টিসহ সামাজিক উন্নয়নে ভূমিকা রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

সমিতির উদ্দেশ্য

- সঞ্চয়ের প্রতি উদ্বুদ্ধ করা এবং সঞ্চয়ের মাধ্যমে আর্থিক সামর্থ্য বৃদ্ধিতে অবদান রাখা।
- দারিদ্র বিমোচনে স্ব-কর্মসংস্থানমুলক উদ্যোগসমুহ বাস্তবায়নে সমিতির নিজস্ব মলধন হতে সহজ শর্তে সদস্যকে ঋণ সহায়তা প্রদান করা ।
- বেকারত্ব দুরীকরণে কর্মসংস্থান সৃষ্টির জন্য বৃত্তিমূলক বিভিন্ন প্রশিক্ষণ সহায়তা প্রদান করা।
- সমবায়ের ভিত্তিতে ক্রয় ক্ষমতা বৃদ্ধিতে সহায়তা করা।
- সমবায়ের ভিত্তিতে জাতীয় উৎপাদন বৃদ্ধি ও কর্মসংস্থানে সহায়ক কুটির ও মাঝারী শিল্প স্থাপনের উদ্যোক্তা হিসাবে ভুমিকা নেওয়া।
- আধুনিক তথ্যপ্রযুক্তি ও কারিগরী শিক্ষা সম্প্রসারণে সহায়ক শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠায় অবদান রাখা।
- নিরক্ষতা দূরীকরণে অবদান রাখা।
- আধুনিক চিকিৎসা সুবিধা সহজলভ্য করিতে প্রাথমিক চিকিৎসা কেন্দ্র স্থাপনে উদ্যোক্তা হিসাবে ভুমিকা নেওয়া।
- সমবায়ের ভিত্তিতে আর্থিক ও সামাজিক নিরাপত্তা বিধানে কাযকর অবদান রাখা।
- সামাজিক বনায়ন কর্মসূচীর মাধ্যমে বৃক্ষ রোপনে উদ্বুদ্ধ ও সহায়তা প্রদান করা ।

- সমাজ কল্যানমূলক কাযক্রমে সক্রিয় অংশ গ্রহণ করা ।
- নারী ও শিশু উন্নয়নে বিশেষ কাযক্রম পরিচালনা করা।
- ভোগ্য পণ্য-দ্রব্যাদি সংগ্রহ ও বিতরন করা।
- দ্রব্যমূল্য নিয়ন্ত্রনে ন্যায্য মূল্যের দোকান ও ডিপার্টমেন্টাল স্টোর স্থাপন করা।

সমিতির বর্তমান মূলকাযক্রমঃ

সভ্য নির্বাচনী ও কর্ম এলাকার পরিবারের সদস্যদেরকে এ সমিতিতে সংগঠিত করে তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের জন্য পুঁজিগঠনসহ ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করা।

সদস্য সংখ্যা ও বিভিন্ন কর্মসূচীঃ
সদস্যের সংখ্যা বিভিন্ন কর্মসূচী এ সমিতির প্রতিষ্ঠা লগ্নে সদস্যর সংখ্যা ছিল ২০ জন। বর্তমানে অর্থ্যাৎ ৩০/০৬/২৪ খ্রি: তারিখ পযন্ত
এ সমিতির সদস্যর সংখ্যা ৭০৩ জন । যার মধ্যে পুরুষ ৩৮ জন ও মহিলা ৬৬৫জন । এই সমিতিতে বিভিন্ন উল্লেখযোগ্য কর্মসূচী রয়েছে। যথা

১। সঞ্চয় জমা কর্মসূচী
২। গরু মোটা তাজা করণ কর্মসূচী
৩। হাঁস মুরগিপালন কর্মসুচী
৪। ন্যায্যমূল্য সদস্যদের মধ্যে পন্য বিতরন।

কার্যক্রমের বর্ণনা:

শুরুতেই এ সমিতির মূল লক্ষ্য ছিল সমবায়ের মাধ্যমে সভ্যগণের মধ্যে মিতব্যয়িতা ও সঞ্চয়ের অভ্যাস গড়ে তোলা এবং সমিতে নিয়মিত সঞ্চয় জমা রাখা ও সমিতির শেয়ার ক্রয়ের দ্বারা যৌথ মূলধন গঠনে উৎসাহিত করা । আর সে লক্ষ্যেই এ সমিতিতে নিয়মিত শেয়ার ও সঞ্চয় আদায়ের মাধ্যমে মূলধন গঠন কার্যক্রম অব্যাহত রয়েছে। ৩০/০৬/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত এ সমিতিতে কার্যকরী মুলধনের পরিমাণ ৪২২০০০৫/-টাকা এবং গঠিত এ মূলধন বিভিন্ন উৎপাদনমুখী খাতে বিনিয়োগ করা হয়েছে। সমিতির বর্তমান শেয়ার মুলধনের পরিমান ৭৬৫,২০০/- টাকা এবংয় সঞ্চয় আমানতের পরিমান ১৫৮৬৫০৮৬ /- টাকা। সমিতিটি দিন দিন সমবায় অঙ্গানে সুফল বয়ে আনবে বলে আমার মনে হয়।



চিত্র: ক্ষুদ্র ঋণ আদায়

কিভাবে সফল হলো তার বর্ণনা:

এ সমিতির সফলতার মূলমন্ত্র হলো সদস্যদের একতাবদ্ধতা এবং পঁজি গঠনের মানসিকতা। শুরুর দিকে এ সমিতি সামান্যতম পুঁজি দিয়ে সীমিত পরিসরে ক্ষুদ্র ঋণ কাযক্রম শুরু করে। প্রশিক্ষিত সদস্যদের ঋণ দিয়ে গরু ও ছাগল পালনে উদ্বদ্ধ করে। পরবর্তীতে উৎপাদিত গরু ও ছাগলের মাংশ স্থানীয় বাজারে ব্যাপক হারে চাহিদা বৃদ্ধি পায় । বাজারজাত করে এ সমিতি ব্যাপক মুনাফা অর্জন করে। এর প্রেক্ষিতে সমিতিতে উল্লেখ যোগ্য হারে পুঁজি গঠন হয়। ফলে সদস্যদের নিকট হতে ঋণ আদায়ে অনেকটা সহজতর হয়।

লভ্যাংশ বিতরণ অডিটফি ও সিডিএফ আদায়:

এ সমিতিতে প্রতিবছর ব্যায়ের তুলনায় আয় বেশি হয়ে থাকে। কিন্তু সদস্যদের মতামতের ভিত্তিতে সদস্যদের মাঝে লভ্যাংশ বিতরন না করে পুজি গঠনের জন্য সদস্যদের নামীয় সঞ্চয়ের সাথে যোগ করে সঞ্চয় ও মূলধন বৃদ্ধি করা হয় ।

সদস্যদের মধ্যে বিধি মোতাবেক লভ্যাংশ বিতরন করে থাকে। এছাড়াও সমবায় সমিতি আইন,(সংশোধন)২০২৩ এ ধারা-৩৪(১)(গ) এবং বিধিমালা,২০২৪ এর বিধি-৮৪(২) মোতাবেক ধার্যকৃত সিডিএফ যথাসময়ে পরিশোধ করে থাকে।

এ সমিতির অডিট বর্ষভিত্তিক অডিট ফি ও সিডিএফ পরিশোধের বিবরণী নিম্নরুপ

| অর্থ বছর | অডিট ফি পরিশোধের পরিমান | সিডিএফ পরিশোধের পরিমাণ |
|---|---|---|
| ২০১৯-২০২০ | ৬২৬০.০০ | ১৮৭৭.০০ |
| ২০২০-২০২১ | ৬১৬০.০০ | ১৮৫০.০০ |
| ২০২১-২০২২ | ৫৪৩০.০০ | ১৬২৭.০০ |
| ২০২২-২০২৩ | ১০০০০.০০ | ৩৯৭৪.০০ |

অডিট সম্পর্কিত তথ্যঃ

এ সমিতি সমবায় সমিতি আইন ২০০১ ( সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ধারা ৪৩(১) অনুযায়ী প্রতি সমবায় বর্ষে নিরীক্ষা সম্পাদন করে থাকে।

ব্যাংক ও অন্যান্য তথ্যঃ

এ সমিতির নামীয় একটি ব্যাংক হিসাব আছে। সম্পাদকের তথ্য অনুযায়ী উক্ত ব্যাংক হিসাব শুধুমাত্র সমিতির সভাপতি ও সম্পাদকের যৌথ স্বাক্ষরের মাধ্যমে পরিচালিত হয়। নিম্নে ব্যাংকের নাম, শাখা,হিসাব নং ও স্থিতির পরিমান উল্লেখ করা হলোঃ

| ক্রঃ নং | ব্যাংকের নাম | শাখা | হিসাব নং | ৩০/০৬/২০২৪ খ্রিঃ তারিখে স্থিতি (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | সোনালী ব্যাংক লিঃ | শেখপাড়া বাজার শাখা,শৈলকুপা,ঝিনাইদহ। | ২৪২৩২০১০১১৬৬৮ | ১১০৬.০০ |

কর্মসংস্থান সৃষ্টিঃ

এসমিতর মাধ্যমে এলাকার নারী-পুরুষ সহজ শর্তে ঋণ নিয়ে বিভিন্ন উন্নয়ন মুলক কর্মকান্ডে সমপৃক্তকরণে ভুমিকা রেখে চলেছে। এসমিতিতে সরাসরি চাকুরিরত আছে ০৯ (নয়) জন কর্মকর্তা কর্মচারী। এছাড়া এ সমিতি থেকে ঋণ নিয়ে গুরু,ছাগল পালন ও ব্যবসায় করে স্বাবলম্বী হয়েছে প্রায় ১০০ ( একশত) এর বেশী নারী পুরুষ।

সেবামুলক কার্যক্রমঃ

এ সমিতির সদস্যদের বিশেষতঃ সভাপতির আন্তরিকতা,উদ্যোগ ও মানবিকতার কারনে এ সমিতি সমাজে বিভিন্ন সেবা মুলক কার্যক্রমসহ জনসচেতনা সৃষ্টিতে নিরলস ভুমিকা রেখে চলেছে। যেমনঃ

ক) মানবিক সহায়তা প্রদান।

খ) করোনাকালীন সময়ে বিভিন্ন সচেতনামুলক কার্যক্রম পরিচালনা ও আর্থিক সহায়তা প্রদান।

গ) বৃক্ষ রোপন কর্মসূচী গ্রহণ

৪) নারী নিযাতন প্রতিরোধ,বাল্য বিবাহ রোধ,নারী ও শিশু পাচার রোধ,যৌতুক ও ইভটিজিং প্রতিরোধ।



চিত্র: ক্ষুদ্র ঋণ আদায়



চিত্র: উদ্যোক্তা ঋণ আদায়



চিত্র: ম্যানেজার ( আর্থিক বিষয় তদারকী করছেন)।



চিত্র: হিসাব রক্ষণ

মোঃ আবু আরিফ রেজা
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় দপ্তর
শৈলকুপা,ঝিনাইদহ।